ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৪৫৯

তেলিয়ামুড়া, ২৭ জুন, ২০২৫

**তেলিয়ামুড়া ব্লকের দুস্কি ভিলেজে প্রশাসনিক ও সচেতনতামূলক শিবির**

ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে গতকাল তেলিয়ামুড়া ব্লকের দুস্কি ভিলেজে অনুষ্ঠিত হয় একদিনের প্রশাসনিক ও সচেতনতামূলক শিবির। শিবিরে মহকুমা প্রশাসন, তেলিয়ামুড়া ব্লক, কৃষি, স্বাস্থ্য, মৎস্য, পশুপালন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা ইত্যাদি দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। আধিকারিকগণ রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প ও পরিষেবা নিয়ে আলোচনা করেন এবং জনসাধারণের সাথে মতবিনিময় করেন। শিবিরে তেলিয়ামুড়া ব্লক প্রশাসনের পক্ষ থেকে ৮৫টি আরওআর দেওয়া হয়। মহকুমা প্রশাসনের পক্ষে ১১৫টি এসটি সার্টিফিকেট, ১১৭টি পিআরটিসি, ৪টি রেশন কার্ডের জন্য আবেদন গ্রহণ করা হয় এবং ৩৯ জনের আধার আপডেট করা হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর ২৩টি পিএম কিষাণ, ৭টি পিএম কুসুম, ৮টি কিষাণ ক্রেডিট কার্ড, ২৬টি ফসল বীমা যোজনার আবেদনপত্র গ্রহণ করে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর ১২৩৮টি গবাদি পশু ও পাখীর জন্য ওষুধ প্রদান করে এবং শূকর পালনের জন্য ৫টি কেসিসি লোন প্রস্তাব করে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ২৯ জনের চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়, ৪৮ জনের রক্ত পরীক্ষা করা হয়, ৪৫ জনের আয়ুষ্মান কার্ড রেজিস্ট্রেশন করানো হয়। ব্যাংক এর পক্ষ থেকে ১ জনের প্রধানমন্ত্রী স্বাস্থ্য বীমা এবং ১টি নতুন একাউন্ট খোলা হয়।

******